বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক ই-বুলেটিন



# পল্লী পারিক্রমা

জানুয়ারি-মার্চ ২০২৪, বর্ষ ৮, সংখ্যা ২৪

www.brdb.gov.bd

**ভেতরের পাতায়**
**গুরুত্বপূর্ণ শিরোনাম....**


| | |
|---|---|
| বিআরডিবি'র সার্বিক কার্যক্রম অবহিতকরণ ও মত বিনিময় সভা... | ২ |
| মাননীয় প্রতিমন্ত্রী ও সচিব মহোদয়ের বিআরডিবি'র ভবনস্থ কারুপল্লী পরিদর্শন... | ২ |
| শহিদের প্রতি বিনম্র শ্রদ্ধা জানিয়ে জাতীয় শহিদ মিনারে পুষ্পস্তবক... | ৩ |
| মহাপরিচালকের সাথে কৃষক দলের সুফলভোগীদের উঠান বৈঠক ... | ৩ |
| অন্যান্য | ৪ |


## বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ১০৪ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২৪ পালন




১৭ই মার্চ ২০২৪ খ্রি. তারিখে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী, স্বাধীনতার মহান স্থপতি, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান -এঁর ১০৪ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২৪ উপলক্ষ্যে বিআরডিবি'র সদর দপ্তর এবং জেলা ও উপজেলা অফিসসমূহে স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়। জাতির পিতার প্রতি বিনম্র শ্রদ্ধা জানিয়ে পল্লী ভবনের নীচ তলায় স্থাপিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়। পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানে বিআরডিবি'র মহাপরিচালক জনাব আঃ গাফ্ফার খান (গ্রেড-১) এবং বিআরডিবি'র পরিচালক, যুগ্মপরিচালক, উপপরিচালক, বিআরডিবি'র অফিসার এ্যাসোসিয়েশন কেন্দ্রীয় কমিটির নেতা-নেত্রীবৃন্দ ও অন্যান্য কর্মকর্তা-কর্মচারীগণ উপস্থিত ছিলেন। দিবসটি উপলক্ষ্যে বিআরডিবি'র সম্মেলন কক্ষে জাতির পিতা ও তাঁর পরিবারের অন্যান্য শহিদ সদস্য ও শহিদ বীর মুক্তিযোদ্ধাদের আত্মার মাগফেরাত কামনা এবং দেশের অব্যাহত উন্নয়ন ও সমৃদ্ধির জন্য বিশেষ দোয়া ও মোনাজাত করা হয়। এছাড়াও এই দিবস উপলক্ষ্যে বিআরডিবি'র পল্লী ভবনের নীচ তলায় বঙ্গবন্ধু কর্ণারে মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধুর জীবনী সম্পর্কিত ভিডিও প্রদর্শন করা হয়।



### মহাপরিচালকের বার্তা

বিআরডিবি'র ত্রৈমাসিক অনলাইন নিউজলেটার 'পল্লী পরিক্রমা' এর জানুয়ারি-মার্চ ২০২৪, বর্ষ ৮, সংখ্যা ২৪ প্রকাশিত হল। এই দায়িত্বপূর্ণ কাজটির সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানাই। মার্চ মাস ছিল মহান স্বাধীনতার মাস। বিআরডিবি'র পক্ষে আমরা মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস উপলক্ষ্যে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করেছি। জাতির পিতার ক্ষুধা-দারিদ্র্যমুক্ত সোনার বাংলা গড়ার স্বপ্ন বাস্তবায়নের লক্ষ্যে বিআরডিবি কাজ করে যাচ্ছে।

**আঃ গাফ্ফার খান**
**মহাপরিচালক (গ্রেড-১)**

## বিআরডিবি'তে ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৪ উৎযাপন




২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৪ উপলক্ষ্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ঐতিহাসিক নেতৃত্ব এবং দেশের উন্নয়ন বিষয়ে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের সম্মেলন কক্ষে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে বিআরডিবি'র মহাপরিচালক জনাব আঃ গাফ্ফার খান (গ্রেড-১) প্রধান অতিথির বক্তব্যে বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম না হলে বাংলার মানুষের জীবনমান উন্নয়ন ও বিআরডিবি'র মতো জাতি গঠনমূলক প্রতিষ্ঠানের জন্মই হতো না। জাতির পিতা ও তাঁর পরিবারের শহিদ সদস্য ও শহিদ বীর মুক্তিযোদ্ধাদের জন্য বিশেষ দোয়া ও মোনাজাত করা হয়।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক ই-বুলেটিন

# পল্লী পরিক্রমা

জানুয়ারি-মার্চ ২০২৪, বর্ষ ৮, সংখ্যা ২৪

**বিআরডিবি'র সম্মেলন কক্ষে** ১৯ মার্চ ২০২৪ তারিখে বিআরডিবি'র সার্বিক কার্যক্রম অবহিতকরণ ও মত বিনিময় সভার আয়োজন করা হয়। প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব **মোঃ আব্দুল ওয়াদুদ**, এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব **মোসাম্মৎ হামিদা বেগম**, সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং উক্ত অনুষ্ঠানের সভাপতিত্ব করেন বিআরডিবি'র মহাপরিচালক জনাব **আঃ গাফ্ফার খান** (গ্রেড-১) মহোদয়। এ ছাড়াও উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিআরডিবি'র পরিচালক, যুগ্মপরিচালক, উপপরিচালক ও অন্যান্য কর্মকর্তা-কর্মচারীগণ।




## মাননীয় প্রতিমন্ত্রী ও সচিব মহোদয়ের বিআরডিবি'র কারুপল্লীতে উদ্যোক্তাদের উৎপাদিত পণ্য পরিদর্শন



কারুপল্লীতে (পল্লী ভবনের নীচ তলায়) বিআরডিবি'র উদ্যোক্তাদের উৎপাদিত পণ্য (হস্তশিল্প) পরিদর্শন করেন জনাব **মোঃ আব্দুল ওয়াদুদ**, এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়। এ সময় উপস্থিত ছিলেন জনাব **মোসাম্মৎ হামিদা বেগম**, সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং বিআরডিবি'র মহাপরিচালক জনাব **আঃ গাফ্ফার খান** (গ্রেড-১) মহোদয়। প্রতিমন্ত্রী বলেন, কারুপল্লীর ট্রেডিশনাল ভ্যালু আছে। তিনি কারুপল্লীর কার্যক্রম সম্প্রসারণে সহযোগিতার বিষয়ে সকলকে আশ্বস্ত করেন। এ সময় উপস্থিত ছিলেন এসএফডিএফ-এর ব্যবস্থাপনা পরিচালক ও বিআরডিবি'র পরিচালক, যুগ্মপরিচালক, উপপরিচালক এবং অন্যান্য কর্মকর্তাগণ।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক ই-বুলেটিন

পল্লী পরিক্রমা

জানুয়ারি-মার্চ ২০২৪, বর্ষ ৮, সংখ্যা ২৪

# বিআরডিবি'তে ২১ ফেব্রুয়ারি শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস- ২০২৪ উৎযাপন

২১ ফেব্রুয়ারি শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে কালো ব্যাচ ধারণ করে প্রভাত ফেরিতে অংশগ্রহণের মাধ্যমে ১৯৫২ -এর ভাষা আন্দোলনে সকল শহিদের প্রতি বিনম্র শ্রদ্ধা জানিয়ে জাতীয় শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করেন জনাব আঃ গাফ্ফার খান, মহাপরিচালক (গ্রেড-১), বিআরডিবি। এ সময় উপস্থিত ছিলেন বিআরডিবি'র পরিচালক, যুগ্মপরিচালক, উপপরিচালক, বিআরডিবি'র অফিসার এ্যাসোসিয়েশন কেন্দ্রীয় কমিটির নেতা-নেত্রীবৃন্দ ও অন্যান্য কর্মকর্তা-কর্মচারীগণ। দিবসটি উপলক্ষ্যে পল্লী ভবনে অর্ধনমিত জাতীয় পতাকা উত্তোলন করা এবং বিআরডিবি'র সম্মেলন কক্ষে ১৯৫২ -এর ভাষা আন্দোলনে সকল শহিদের আত্মার মাগফেরাত কামনা করে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়।




# মহাপরিচালক, বিআরডিবি মহোদয়ের সাথে ক্ষারিক্ষ্যং 'দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চমূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচি' কৃষক দলের সুফলভোগীদের উঠান বৈঠক



বিআরডিবি'র মহাপরিচালক জনাব আঃ গাফ্ফার খান, মহাপরিচালক (গ্রেড-১), মহোদয় ২৫-০২-২০২৪ তারিখে রাঙ্গামাটি জেলার সদর উপজেলায় 'দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চমূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচি' কৃষক দলের সুফলভোগীদের সাথে উঠান বৈঠক করেন। সুফলভোগী সদস্যগণ মহাপরিচালক মহোদয়কে বলেন, ঋণের সিলিং কম হওয়ায় তাদের উৎপাদন কার্যক্রম ব্যাহত হচ্ছে। সেজন্য ঋণের সিলিং বাড়ানো একান্ত প্রয়োজন। মহাপরিচালক মহোদয় বলেন, বিআরডিবি এই জনপদের মানুষের জীবনমান উন্নয়নে কাজ করে যাচ্ছে এবং ভবিষ্যতেও কাজ করবে ইনশাআল্লাহ। উক্ত মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন বিআরডিবি'র রাঙ্গামাটি জেলার উপপরিচালক ও অন্যান্য কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এবং সুফলভোগীগণ।

# বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক ই-বুলেটিন

# পল্লী পরিক্রমা

জানুয়ারি-মার্চ ২০২৪, বর্ষ ৮, সংখ্যা ২৪




**যোগাযোগ:**

উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয়)
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লীভবন
৫ ,কাওরান বাজার, ঢাকা।

ফোন : ০২-৫৫০১১৭৩৪
মোবাইল : ০১৭১৬-৭৪৫৫৭২
Email : ddprc@brdb.gov.bd
Web : www.brdb.gov.bd

www.facebook.com/brdb.gov/
www.youtube.com/channel UC6JvyUA74AJFYtIqNEPHs0A featured
https://twitter.com/_BRDB




১৩ মার্চ ২০২৪ খ্রি. তারিখে বিআরডিবি'র সদর দপ্তরে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে বিআরডিবি'র কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন কৌশল নির্ধারণ শীর্ষক দিনব্যাপী কর্মশালা-১ আয়োজন করা হয়। কর্মশালার প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিআরডিবি'র মহাপরিচালক জনাব আঃ গাফ্ফার খান (গ্রেড-১) মহোদয়। সভাপতিত্ব করেন জনাব সরদার মোঃ কেরামত আলী, পরিচালক, পরিকল্পনা ও প্রশিক্ষণ। এছাড়াও উপস্থিত ছিলেন বিআরডিবি'র বিভিন্ন পদমর্যাদার কর্মকর্তাগণ।






বিআরডিবি'র মহাপরিচালক জনাব আঃ গাফ্ফার খান (গ্রেড-১) মহোদয় ০৩/০২/২০২৪ তারিখ যশোর সদর ও ঝিকরগাছা উপজেলায় ইরেসপো-২ প্রকল্পের ৩টি সমিতির উঠান বৈঠকে অংশগ্রহণ এবং প্রকল্পের বিভিন্ন উদ্যোক্তাদের কার্যক্রম পরিদর্শনসহ কিছু উদ্যোক্তার গৃহিত ঋণ সঠিক খাতে বিনিয়োগ করা হয়েছে কিনা যাচাই করার জন্য আকস্মিক পরিদর্শন করেন এবং উঠান বৈঠাকে উদ্যোক্তাদের মাঝে ঋণ বিতরণ করেন। সন্ধ্যায় মহাপরিচালক মহোদয় জেলার উপজেলাসমূহে কর্মরত ইউআরডিও, ইউপিও (আরএলপি), এআরডিও (ইরেসপো) সহ বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের সাথে মতবিনিময় করেন। দিনব্যাপী মহাপরিচালক মহোদয়ের সফরসঙ্গী ছিলেন ইরেসপো-২ এর প্রকল্প পরিচালক জনাব মো: রাশেদুল আলম ও মোঃ কামরুজ্জামান, উপপরিচালক, যশোর মহোদয়। উঠান বৈঠাকে উদ্যোক্তাগণ ঋণের সিলিং বাড়ানোর জন্য প্রস্তাব করেন।

মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর পক্ষে উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয়), পল্লীভবন, ৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫ কর্তৃক প্রকাশিত ও প্রচারিত
ফোন: ০২-৮১৮০০১৮, ফ্যাক্স: ০২-৮১৮০০০৩, ই-মেইল: ddprc@brdb.gov.bd, ওয়েবসাইট: www.brdb.gov.bd